# জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ইমেইলঃ info@nhrc.org.bd; হেল্পলাইনঃ ১৬১০৮


স্মারকঃ এনএইচআরসিবি/প্রেস বিজ্ঞ-২৩৯/১৩-২৪৩ তারিখঃ ১১ মার্চ, ২০২৪

সংবাদ বিজ্ঞপ্তিঃ

**'মানবাধিকার ধারণাটি আমাদের সমাজ ও সংস্কৃতির মূলে প্রোথিত করতে হবে।**

'মানবাধিকার ধারণাটি আমাদের সমাজ ও সংস্কৃতির মূলে প্রোথিত করতে হবে। এ জন্য মানবাধিকারের মর্ম ও বিস্তৃতি উপলব্ধি করে চর্চার ক্ষেত্র প্রসারিত হতে হবে। দেশব্যাপী মানবাধিকার সংস্কৃতি প্রতিষ্ঠায় কমিশন নিষ্ঠার সাথে কাজ করে যাচ্ছে'।

আজ সোমবার দুপুর ২:৩০ মিনিটে রাজশাহী জেলা প্রশাসকের কার্যালয়ে 'জেলা মানবাধিকার লঙ্ঘন প্রতিরোধ ও সুরক্ষা কমিটি'র সদস্যবৃন্দ ও স্থানীয় প্রতিনিধিদের সমন্বয়ে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন জাতীয় মানবাধিকার কমিশনের মাননীয় চেয়ারম্যান ড. কামাল উদ্দিন আহমেদ। এ সময় উপস্থিত ছিলেন কমিশনের পরিচালক (প্রশাসন ও অর্থ) কাজী আরফান আশিক।

সভায় জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট জনাব শামীম আহমেদ, রাজশাহী মেট্রোপলিটন পুলিশের উপ-পুলিশ কমিশনার সরকার ওমর ফারুক, সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের ঊর্ধ্বতন কর্মকর্তাগণ, মানবাধিকার কর্মী, সুশীল সমাজের প্রতিনিধি ও গণমাধ্যমকর্মীগণ উপস্থিত ছিলেন।

বক্তব্য প্রদানকালে কমিশনের মাননীয় চেয়ারম্যান বলেন, "উন্নত ও মানবিক সমাজ নিশ্চিত করতে হলে সমাজের প্রতিটি স্তরে নারী, শিশু ও প্রতিবন্ধী অধিকার নিশ্চিত করা গুরুত্বপূর্ণ। আমাদের সমাজে কোনো ব্যক্তি বা গোষ্ঠী যাতে পিছিয়ে না পড়ে সে বিষয়ে সচেতন থাকতে হবে। মানবিক মর্যাদা নিশ্চিত করার পাশাপাশি প্রতিবন্ধী ব্যক্তিদের দক্ষতা উন্নয়ন এবং অন্তর্ভুক্তিমূলক কর্মসংস্থানে জোড় দিতে হবে"।

সম্প্রতি আলোচিত দেশ রূপান্তরের সাংবাদিক শফিউজ্জামান রানাকে ভ্রাম্যমাণ আদালত কর্তৃক ৬ মাসের কারাদণ্ড বিষয়ক এক সাংবাদিকের প্রশ্নের জবাবে তিনি বলেন, 'আমরা মানবিক সমাজ প্রত্যাশা করি যেখানে পরমতসহিষ্ণুতার চর্চা থাকবে এবং বাকরুদ্ধ করে এমন কর্মকান্ড কমিশন সমর্থন করে না'।

এছাড়াও, আজ সকালে কমিশনের চেয়ারম্যান সারদায় পুলিশ একাডেমিতে 'বাংলাদেশ এবং বৈশ্বিক প্রেক্ষাপটে মানবাধিকার' বিষয়ক প্রশিক্ষণ প্রদান করেন। প্রাপ্ত তথ্যমতে, এ সময় পুলিশের ৭৩ জন এএসপি, ৭০৮ জন সার্জেন্ট এবং ৮০৬ জন এসআই অংশগ্রহণ করেন। কমিশনের চেয়ারম্যান মানবাধিকার ধারণার ঐতিহাসিক প্রেক্ষাপট, সাংবিধানিক স্বীকৃতি ও কমিশনের কর্মকাণ্ডের বিস্তারিত তুলে ধরেন।

স্বাক্ষরিত/-

ইউশা রহমান

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন

Cell: ০১৬৮৬৭০৮৯৩৬

eusha.rahman২২@gmail.com